**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-04-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পহেলগাম হামলার পরিপ্রেক্ষিতে পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করে তাদের দেশে ফেরত পাঠানোর জন্য মুখ্যমন্ত্রীদের নির্দেশ দিয়েছেন ।**

**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দেশের নিরাপত্তা রক্ষায় ভারতীয় সেনাবাহিনীর ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন।**

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রক্তদানে নতুন প্রজন্মকে আরও বেশি করে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন ।**

**(৪) প্রথমবারের মত গুয়াহাটিতে আয়োজিত উত্তরপূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতায় ত্রিপুরা সেমিফাইনালে উঠেছে ।**

**********************************

**Amit Shah–CM :**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পহেলগাম হামলার পরিপ্রেক্ষিতে পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করে তাদের দেশে ফেরত পাঠানোর জন্য মুখ্যমন্ত্রীদের নির্দেশ দিয়েছেন। পহেলগাম সন্ত্রাসী হামলার পর ভারত পাকিস্তানি নাগরিকদের দেওয়া ভিসা বাতিল করার একদিন পর, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ সমস্ত মুখ্যমন্ত্রীদের সাথে কথা বলেন। তিনি মুখ্যমন্ত্রীদের তাদের রাজ্যে অবস্থানরত সমস্ত পাকিস্তানি নাগরিকদের সনাক্ত করে তাদের দ্রুত পাকিস্তানে ফেরত পাঠানোর জন্য পদক্ষেপ নিতে বলেছেন। ইতিমধ্যে, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন এই বিষয়টি নিয়ে ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিবদের সঙ্গে একটি বৈঠক করেছেন এবং পাকিস্তানি নাগরিকদের ভিসা

পরিষেবা স্থগিত করার আদেশ কঠোরভাবে মেনে চলা নিশ্চিত করার জন্য তাদের আহ্বান জানিয়েছেন।

ভারত আগামী রবিবার থেকে দীর্ঘমেয়াদী ভিসা, কূটনৈতিক এবং অফিসিয়াল ভিসা ছাড়া পাকিস্তানিদের জন্য জারি করা সমস্ত বিদ্যমান ভিসা বাতিল করেছে। পাকিস্তানি নাগরিকদের জন্য জারি করা সমস্ত মেডিকেল ভিসা কেবল এই মাসের ২৯ তারিখ পর্যন্ত বৈধ থাকবে এবং বাতিল করা বিভাগগুলিতে কোনও নতুন ভিসা জারি করা হবে না।

এদিকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সচিবালয়ে সমস্ত জেলা শাসক এবং জেলা পুলিশ সুপারদের সাথে ভিডিও কনফারেন্সসিং এর মাধ্যমে বৈঠক করেন। সূত্র থেকে প্রাপ্ত খবরে জানা গেছে বৈঠকে মুখ্যমন্ত্রী সমস্ত জেলা শাসক এবং জেলা পুলিশ সুপারকে রাজ্যে কোনো পাকিস্তানি নাগরিক থাকলে তাদের অবিলম্বে দেশে ফেরানোর ব্যবস্থা করার নির্দেশ দিয়েছেন। এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বৈঠকে প্রসাশনিক সচিব কিরণ গিত্তে সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

*****************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দেশের নিরাপত্তা রক্ষায় ভারতীয় সেনাবাহিনীর ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন। আজ রাজভবনে আয়োজিত এক সম্বর্ধনা অনুষ্ঠানে তিনি পহেলগাঁও-এর ঘটনার উল্লেখ করে উদ্বেগ প্রকাশ করেন। তিনি এই ঘটনায় নিহতদের প্রতি গভীর সমবেদনা জানান। রাজ্যপাল এন.সি.সি ক্যাডেটদের সম্পর্কে বলেন, তারা আগামীদিনে দেশের নিরাপত্তায় বলিষ্ঠ ভূমিকা নিতে পারে।

######Byte-Governor######

এই অনুষ্ঠানে ৩০৫ ফিল্ড রেজিমেন্ট, ২৮ আসাম রাইফেল ব্যাটেলিয়ন, শিলচর ও ত্রিপুরার এনসিসি ব্যাটলিয়ন, প্রজাতন্ত্র দিবসে অংশ গ্রহণকারী এনসিসি ক্যাডেটদের সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। উপস্থিত ছিলেন ব্রিগেডিয়ার

মনীশ রানা, বিনেশ পান্ডা ও কপিল সুদ। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা।

**************************

**CM-Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রক্তদানের মত সামাজিক কর্তব্য পালনে নতুন প্রজন্মকে আরও বেশি করে এগিয়ে আসার জন্য উদ্বুদ্ধ করতে হবে। আজ আগরতলায় জেলা ও দায়রা জজ আদালত চত্বরে ডিড রাইটার্স অ্যাসোসিয়েশনের ৭০তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রক্তদানের ক্ষেত্রে দেশের মধ্যে রাজ্যের বিশেষ সুনাম রয়েছে। তাই নিয়মিত রক্তদান শিবিরের আয়োজন করতে সমাজের সব অংশের মানুষকে এগিয়ে আসতে হবে।

########Byte-CM#######

মুখ্যমন্ত্রী বলেন, ডিড রাইটার্স অ্যাসোসিয়েশন মানুষকে আইনি সহায়তা প্রদানের লক্ষ্যে নানা গুরুত্বপূর্ণ কাজ করে যাচ্ছে। আগামীদিনেও অ্যাসোসিয়েশন এ ধরনের সামাজিক কাজে নিয়োজিত থাকবে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চৈতন্য গৌড়িয় মঠ শ্রী জগন্নাথ জিউ মন্দিরের ভিক্ষু কমল বৈষ্ণব মহারাজ, প্রজাপিতা ব্রহ্মকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত বি.কে. মমতা বেহেনজি, কর্পোরেটর জাহ্নবী দাস চৌধুরী এবং ডিড রাইটার্স অ্যাসোসিয়েশনের সভাপতি প্রদীপ কুমার পাল। শিবিরে ১৯ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**Cooparetive Minister :**

সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন, গ্রামীণ কৃষকরা যাতে সহজেই বীজ, সার, কীটনাশক, কৃষি যন্ত্রপাতি ও চাষাবাদের যাবতীয় পরামর্শ পান সেজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে গ্রামীণ এলাকায় এগ্রি সেক্টর

অফিস খোলা হচ্ছে। আজ জোলাইবাড়ি ব্লকের দেবদারু কমিউনিটি হলে দেবদারু এগ্রি সেক্টর অফিসের উদ্বোধন করে তিনি একথা বলেন। কেন্দ্র এবং রাজ্য সরকারের প্রত্যেকটি প্রকল্পের সুযোগ যাতে কৃষকরা পান সেদিকে নজর দিতে কৃষি আধিকারিকদের পরামর্শ দেন সমবায়মন্ত্রী। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জোলাইবাড়ি বি.এ.সি-র চেয়ারম্যান অশোক মগ, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান তাপস দত্ত, দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সদস্য শম্ভু মানিক প্রমুখ। অনুষ্ঠানের শুরুতেই পেহেলগাঁওয়ে নিহতদের জন্য শোক জ্ঞাপন করে ১ মিনিট নীরবতা পালন করা হয়।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM-Offer Distribution :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় ৫১ হাজারেরও বেশি চাকুরী প্রাপকদের নিয়োগপত্র বিতরণ করবেন। উল্লেখ্য, আগামীকাল ১৫তম রোজগার মেলা সারাদেশের ৪৭টি স্থানে অনুষ্ঠিত হবে।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ আজ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**Pope francis Funeral :**

ভ্যাটিকান সিটির খ্রীষ্ট ধর্মপ্রধান প্রয়াত পোপ ফ্রান্সিসের অন্ত্যেষ্টি ক্রিয়া আগামীকাল। এ উপলক্ষ্যে আগামীকাল সারা দেশে রাষ্ট্রীয় শোক পালন করা হবে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক থেকে এক বার্তায় বলা হয়েছে, আগামীকাল সবত্র জাতীয় পতাকা অর্ধনমীত রাখা হবে এবং বিনোদনমুলক অনুষ্ঠান স্থগিত থাকবে।

*************************

**National Panchayati Raj Day-State :**

সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত আজ বিশ্রামগঞ্জে সিপাহীজলা জেলা ভিত্তিক জাতীয় পঞ্চায়েতি রাজ দিবস উদযাপন অনুষ্ঠানের সূচনা করেন। তিনি বলেন, সরকারের বেশিরভাগ জনকল্যাণমুখী প্রকল্প পঞ্চায়েত ও ভিলেজ কমিটি স্তরে বাস্তবায়িত হয়। এক্ষেত্রে ত্রিস্তরীয় পঞ্চায়েতের নির্বাচিত জনপ্রতিনিধিদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। অনুষ্ঠানে কাজের সফলতার নিরিখে জেলার অন্তর্গত বিভিন্ন ব্লক ও পঞ্চায়েত দপ্তরের কর্মীদের পুরস্কৃত করা হয়। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের

সহকারী সভাধিপতি পিন্টু আইচ, জিলা পরিষদ সদস্য বিশ্বজিৎ দাস, গৌরাঙ্গ ভৌমিক।

ঊনকোটি জেলার কুমারঘাট পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয় জাতীয় পঞ্চায়েতীরাজ দিবস এর জেলাভিত্তিক অনুষ্ঠান। উদ্বোধন করেন বিধায়ক ভগবান চন্দ্র দাস। তিনি কেন্দ্রীয় সরকারের পি.এম সূর্য ঘর মুফত বিজলি যোজনার সুযোগ গ্রামীণ এলাকায় পৌঁছে দেবার লক্ষ্যে ব্যাপক প্রচারের উপর গুরুত্বারোপ করেন। বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, সহকারী সভাধিপতি সন্তোষ ধর।

আজ বিলোনিয়া সার্কিট হাউসে দক্ষিন জেলাভিত্তিক পঞ্চায়েতিরাজ দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন দক্ষিন ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। উপস্থিত ছিলেন বিধায়ক অশোক কুমার মিত্র, এডিসি সদস্য সঞ্জীব রিয়াং। অনুষ্ঠানে জেলার ৮টি ব্লকের পঞ্চায়েত দপ্তরের ১৬ জন কর্মীকে সেরা কর্মী হিসাবে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

*********************************

**World Malaria Day :**

আজ বিশ্ব ম্যালেরিয়া দিবস। এই উপলক্ষে বিলোনিয়া মহকুমা স্বাস্থ্য দপ্তরে উদ্যোগে রেলি ও সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। আলোচনাসভায় অংশ গ্রহন করেন, বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ, ডা: জ্যোতির্ময় দাস, ও ডা: সুব্রত দাস। ২০৩০ সালের মধ্যে ম্যালেরিয়া নির্মুল করার বিষয়ে তারা আলোচনা করেন।

*****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা সচিবালয়ের ভিডিও কনফারেন্স হলে আজ আগরতলা পুরনিগম এলাকায় চলমান বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় নিগম এলাকায় বর্ষাকালীন আগাম প্রস্তুতি, শহরে পার্কিং

ব্যবস্থার উন্নতি সহ অন্যান্য উন্নয়নমূলক পরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় মুখ্যমন্ত্রী অতি বৃষ্টিতে শহরের জমা জল দ্রুত নিষ্কাশনের জন্য বৈজ্ঞানিক উপায়ে ড্রেন নির্মাণ, জল নিষ্কাশন পাম্পগুলির বর্তমান অবস্থা এবং রক্ষণাবেক্ষণের উপর গুরুত্ব আরোপ করেন।

****************************

**One Nation, One Election :**

বিজেপি মহিলা মোর্চার উদ্যোগে আজ সিপাহীজলা জেলার সোনামুড়ার রবীন্দ্রনগর কমিউনিটি হলে এক দেশ এক নির্বাচন বিষয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বক্তব্য রাখেন প্রদেশ মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার, বিজেপি সিপাহীজলা দক্ষিণাংশ কমিটির সভাপতি উত্তম দাস, সোনামুড়া মন্ডল সভাপতি শুভ্রজিৎ দাস।

****************************

**CPIM :**

রেগার বকেয়া মজুরী অবিলম্বে দ্রুত প্রদান, বছরে ২০০ দিনের রেগার কাজ ও ৬০০ টাকা মজুরী এই ৩ দফা দাবিতে সিপিআইএম-এর উদ্যোগে আজ বিভিন্ন জেলায় ডেপুটেশন কর্মসূচি ও ১ ঘন্টার গন অবস্থান আয়োজন করা হয়। দক্ষিন জেলার রুপাইছড়ি, পোয়াংবাড়ি ও জোলাইবাড়ি ব্লকে ডেপুটেশন প্রদান করা হয়। সাব্রুম শহরে ও রুপাইছড়ি ব্লক প্রাঙ্গনে গন অবস্থানে বক্তব্য রাখেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী। রাজনগরে প্রাক্তন বিধায়ক সুধন দাস ও বীরচন্দ্রমনুতে বক্তব্য রাখেন সিপিআইএম রাজ্য কমিটির সদস্য পরীক্ষিত মুড়াসিং।

কাঁঠালিয়া ব্লক প্রাঙ্গনে এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন সিপিআইএম নেতা কৌশিক চন্দ, সুভাষ দেব, বিষ্ণু ত্রিপুরা ও আব্দুল করিম।

টেপানিয়া ব্লক প্রাঙ্গনে গন অবস্থানে বক্তব্য রাখেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য রতন ভৌমিক সহ গোমতি জেলার অন্যান্য নেতৃবৃন্দ।

****************************

**Master Cricket :**

প্রথমবারের মত গুয়াহাটিতে আয়োজিত উত্তরপূর্ব লিটল্ মাস্টার ট্রফি ক্রিকেট প্রতিযোগিতায় ত্রিপুরা সেমিফাইনালে উঠেছে। গুয়াহাটির আসাম ক্রিকেট এসোসিয়েশনের ক্রিকেট একাডেমি মাঠে সীমিত ওভারের আসরে আজ নাগাল্যান্ডকে ৬ উইকেটে হারায় রাজ্যদল। ফলে গ্রুপে টানা তিন ম্যাচে জয় পায়। এদিন প্রথমে ব্যাট করতে নেমে নাগাল্যান্ড মাত্র ৭২ রান করে। জবাবে রাজ্যদল ৪ উইকেট হারিয়ে জয় নিশ্চিত করে।

*************************